গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড

এবং

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
আয়কর অনুবিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা	৪
সেকশন ১: আয়কর অনুবিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: আয়কর অনুবিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ)	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৭
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১৮
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা	১৯

আয়কর অনুবিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Income Tax Wing)

সাম্প্রতিক বছরসমূহের (তিনবছর) প্রধান অর্জনসমূহঃ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সংযুক্ত দপ্তর জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর অনুবিভাগের ২০১৭-১৮ অর্থবছরের মোট টি.আই.এন ধারীর সংখ্যা ৩৫,৪৯,৭৪৯; ২০১৮-১৯ অর্থবছরের মোট টি.আই.এন ধারীর সংখ্যা ৪১,৭৭,৮১৫ এবং ২০১৯-২০ অর্থবছরের মোট টি.আই.এন ধারীর সংখ্যা দাঁড়ায় ৫০,৭২,৫৭১। ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৭৮,০০০, ৯৬,৬৩২ ও ১,০৬,৬৭৯ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃত রাজস্বের পরিমাণ যথাক্রমে ৬৪,০০০, ৭২,০০০ ও ৭৩,০০২ কোটি টাকা। আয়কর মেলা ২০১৯ এ রিটার্ন দাখিল করা হয়েছে ৬,৫৫,০৯৫ টি এবং আয়কর আহরিত হয়েছে ২,৬১৩ কোটি টাকা। ২০১৯ এর আয়কর মেলা-এ দেশব্যাপী ৬৪টি জেলা থেকে ১৮,৬৩,৩৮৭ জন করদাতা আয়কর বিষয়ক সেবা গ্রহণ করেছেন। ৩২,৯৬১ জন করদাতাকে e-TIN রেজিষ্ট্রশন/রি-রেজিষ্ট্রশন এর আওতায় আনা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

ক) করদাতা অনুপাতে কর অফিসে জনবল স্বল্পতা।
খ) প্রয়োজনীয় লজিস্টিকস ও অবকাঠামোর অভাব।
গ) ডিজিটাল অর্থনীতিকে কর এর আওতায় আনার বিষয়ে সক্ষমতার অভাব।
ঘ) আন্তঃ কর ব্যবস্থাপনায় তথ্য বিনিময়ের অপ্রতুলতা।
ঙ) ই-ফাইলিং ও উৎসে কর ব্যবস্থাপনাকে অটোমেশনের আওতায় আনার বিষয়ে বিদ্যমান চ্যালেঞ্জ।
চ) কোভিড-১৯ মহামারীর বৈশ্বিক প্রেক্ষাপটে বর্তমান অর্থবছরে অর্থনীতিতে স্বাভাবিক গতি প্রবাহ ব্যাহত হওয়ার আশংকা। পরিবর্তিত পরিস্থিতিতে রাজস্ব আদায়ের উপর বিরুপ প্রতিক্রিয়ায় পড়ার সম্ভাবনা রয়েছে উদ্ভুত পরিস্থিতিতে লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়ের ধারায় অক্ষুন্ন রাখার চ্যালেঞ্জকে সামনে রেখে রাজস্ব আদায়ের জন্য কতিপয় সুনির্দিষ্ট কর্মপন্থা নেয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

মুজিববর্ষকে সামনে রেখে কর আদায়ের কার্যক্রমকে সহজীকরণ ও প্রযুক্তিসমৃদ্ধ করার লক্ষ্যে আয়কর অনুবিভাগ কর্তৃক e-TDS System চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া ভবিষ্যতে জাতীয় রাজস্ব আদায়ের ক্ষেত্রে বৃদ্ধির জন্য বিরোধ নিষ্পত্তি অর্থাৎ বৃদ্ধি/সম্প্রসারণ অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বৃদ্ধি/সম্প্রসারণ, তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরন, করনেট (ট্যাক্সনেট) সম্প্রসারণ, কর ফাঁকি রোধ এবং কর প্রদান পদ্ধতি সহজীকরণ; কর শিক্ষা, বিজ্ঞাপন এবং ট্যাক্স পেয়ার্স সার্ভিস; দেশে/বিদেশে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। ট্রান্সফার প্রাইসিং সেল এর সক্ষমতা জোরদারকরনের মাধ্যমে আন্তঃসীমান্ত বাণিজ্য থেকে কর আদায় ও কর ফাঁকি নিরসন;

২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ-

- ২০২০-২১ অর্থবছরে আয়কর অনুবিভাগের জন্য ধার্যকৃত ১,০৫,৪৭৫ কোটি টাকা রাজস্ব আহরণ;
- কর প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরন;
    - ই-ফাইলিং পদ্ধতি বিস্তৃতকরনের মাধ্যমে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বৃদ্ধি;
    - ই-পেমেন্ট পদ্ধতিকে অধিকতর সম্প্রসারণ;
    - উৎসে কর ব্যবস্থাপনাকে অটোমেশনের আওতায় আনা;
    - Secondary Information ব্যবহারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে আয়কর জরীপ কার্যক্রম পরিচালনা।

উপক্রমণিকা (Preamble)

আয়কর অনুবিভাগ এবং এর আওতাধীন মাঠ পর্যায়ের কর অঞ্চল সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)

এবং

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২০ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১:

আয়কর অনুবিভাগের রূপকল্প (Vision) এবং অভিলক্ষ্য (Mission) অর্জনের জন্য কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলিঃ

১.১ **রূপকল্প (Vision):** ন্যায়ভিত্তিক অভ্যন্তরীণ সম্পদ আহরণের লক্ষ্যে আধুনিক ও প্রযুক্তিসমৃদ্ধ টেকসই আয়কর ব্যবস্থাপনা প্রতিষ্ঠা।

১.২ **অভিলক্ষ্য (Mission):** আধুনিক প্রযুক্তি নির্ভর, যুগোপযোগী ও বৈশ্বিক উত্তমচর্চা অনুসৃত করনীতির মাধ্যমে কর বান্ধব কর প্রশাসন গড়ে তোলা এবং এর মাধ্যমে যথার্থ ন্যায়ভিত্তিক অভ্যন্তরীণ সম্পদ আহরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্য সমূহ (Strategic Objectives)

১.৩.১ আয়কর অনুবিভাগের কৌশলগত উদ্দেশ্য সমূহ:

১. রাজস্ব আহরণ বৃদ্ধি ও জোরদারকরণ;
২. কর প্রশাসনের আধুনিকায়ন ও জনবান্ধবকরণ;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়ন
৫. অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন
৬. স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা
৭. ইন্টারনেট বিলসহ অন্যান্য ইউটিলিটি বিল সময়মত পরিশোধ করা।

১.৪ কার্যাবলীঃ

- প্রত্যক্ষ কর সংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন সংশোধন করা;
- আয়কর এবং ভ্রমণ কর আহরণে নিয়োজিত দপ্তরসমূহের কার্যক্রম পরিবীক্ষণ;
- আন্তর্জাতিক সংস্থা ও দেশসমূহের সাথে কর সংক্রান্ত চুক্তি ও সাধারণ সহযোগিতা চুক্তি সম্পাদন;
- প্রত্যক্ষ করের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে আওতা ও পরিধি বিস্তৃতকরণ এবং স্বেচ্ছা প্রতিপালনে উদ্বুদ্ধকরণের মাধ্যমে করদাতার সংখ্যা বৃদ্ধি এবং রাজস্ব আহরণ বৃদ্ধি;
- জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর অনুবিভাগের কর্মকর্তা-কর্মচারীদের যাবতীয় প্রশাসনিক কার্যক্রম পরিচালনা;
- আয়কর সংক্রান্ত মামলাসমূহ নিষ্পত্তির মাধ্যমে রাজস্ব আহরণ বৃদ্ধি;
- বিকল্প বিরোধ নিষ্পত্তির (এ ডি আর) মাধ্যমে রাজস্ব আদায় কার্যক্রম জোরদার করা;
- আন্তর্জাতিক করের ক্ষেত্রে আন্তঃসীমান্ত বাণিজ্যকে পরিবীক্ষনের আওতায় এনে মূল্য স্থানান্তর রোধের মাধ্যমে কর ফাঁকি রোধ করা;

সেকশন-২

আয়কর অনুবিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন *		লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০১৮-১৯	২০১৯-২০*		২০২১-২২	২০২২-২৩		
রাজস্ব আহরণ বৃদ্ধি	কর জিডিপির অনুপাত বৃদ্ধি	শতকরা হার	৮.৬০	১০.৭০ (Revised Budget)	১০.৪০	১০.৫০	১০.৬০	অ্যাটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, হিসাব মহা নিয়ন্ত্রকের দপ্তর	মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি ২০২০-২০২১ থেকে ২০২২-২০২৩

* সাময়িক